

# সবার কথা বলে রেডিও সাগরগিরি এফএম ৯৯.২

ভাস্কর ভট্টাচার্য

যোগাযোগের একটি স্বীকৃত বড় মাধ্যম রেডিও। কমিউনিটি রেডিও এমন এক সম্প্রচার ব্যবস্থা, যা কোনো নির্দিষ্ট জনগোষ্ঠীর উদ্দেশে প্রতিষ্ঠিত, তাদের মাধ্যমে পরিচালিত এবং তাদের কল্যাণে ব্যবহার হয়। এই জনগোষ্ঠী হতে পারে নারী, শিশু-কিশোর, প্রতিবন্ধী কিংবা গ্রামের কৃষক। কমিউনিটি রেডিওর সাথে জাতীয় পর্যায়ের রেডিওর পার্থক্য হলো : প্রচলিত রেডিওর অনুষ্ঠানগুলোতে সমাজের উচ্চবিত্তরাই শুধু অংশনেন। এমনকি প্রতিষ্ঠান পরিচালনা ও অনুষ্ঠান প্রচার তারাই করে থাকেন যেখানে পরিবেশনায় জাতীয় পর্যায়ের বিষয়গুলো প্রাধান্য পেয়ে থাকে। অন্যদিকে কমিউনিটি রেডিওতে স্থানীয় পর্যায়ের যেকোনো ইস্যু বা জনগোষ্ঠীকে বেশি গুরুত্ব এবং সর্বস্তরের জনগণের সর্বোচ্চ অংশ নেয়া নিশ্চিত করা হয়। এর আরেকটি আকর্ষণীয় দিক হলো, কমিউনিটি রেডিওর সব অনুষ্ঠান স্থানীয় ভাষায় পরিবেশিত হবে যেনো জনগণ সহজেই বিভিন্ন বিষয় সম্পর্কে সম্যক ধারণা পেতে পারে।

সীতাকুণ্ডের প্রত্যন্ত অঞ্চলে ইপসা উদ্যোক্তাদের সম্মিলিত প্রয়াসে রেডিও কল সাইন S21AV, রেডিও লিসেনার্স ক্লাব, শ্রোতা সংঘ গঠন ও পরিচালন ইত্যাদি গুরুত্বপূর্ণ পরিকল্পনা ও উন্নয়ন কার্যক্রম নেয়া হয়। এই কার্যক্রমের ধারাবাহিকতায় ১৯৯৭ সালে প্রান্তিক জনগোষ্ঠীর দাবি আদায় ও অধিকার বাস্তবায়নের মাধ্যমে আইসিটি বিষয়কে কেন্দ্র করে ইপসা স্বপ্ন দেখে কমিউনিটি রেডিওর। এলাকার যুবদের তথ্যপ্রযুক্তিতে সম্পৃক্ত করার জন্য ছোট্ট পরিসরে একটি কমপিউটার ও ইন্টারনেট প্রশিক্ষণ সেন্টার চালু করে, যাতে যুবরা বিশ্বের সাথে তাল মিলিয়ে কমপিউটার শিক্ষা প্রশিক্ষণ, নেটওয়ার্কিং ও বিজ্ঞান প্রযুক্তিতে তাদের অভিগম্যতার পথ প্রশস্ত করতে পারে। এছাড়াও নিচে উল্লিখিত কার্যক্রমগুলো পরিচালিত হয় :

* রিফ্লেক্ট অ্যান্ড আইসিটি সার্কেল; * রুরাল নলেজ সেন্টার (আরকেসি); * কমপিউটার প্রশিক্ষণ; * স্বেচ্ছাসেবী দল গঠন; * অংশগ্রহণমূলক ভিডিও টিম গঠন; * ডুকমেন্টেশন প্রশিক্ষণ; * অংশগ্রহণমূলক ফোরাম থিয়েটার; * ফ্রিম ক্যাম্প; * ডিজিটাল স্টোরি ও ডিজিটাল টকিং বুক; * সীতাকুণ্ড তৃণমূল সাংবাদিক দল গঠন; * কমিউনিটি রেডিও সংক্রান্ত মতামত সংগ্রহ; * সরকারি-বেসরকারি বিভিন্ন বিভাগের সাথে মতবিনিময়; * সংস্থার বিভিন্ন প্রকল্পে রেডিও সাগরগিরির অনুষ্ঠান নির্মাণ; * উন্নয়ন বিষয়ক মুখপত্র ত্রৈমাসিক সোশ্যাল অ্যাকশন প্রকাশ।

সীতাকুণ্ডে কমিউনিটি রেডিও স্থাপনের লক্ষ্য ইতোমধ্যে সংস্থার ওয়াইসিএমসির মাধ্যমে বিভিন্ন ধরনের কার্যক্রম পরীক্ষামূলক সম্পাদন করা হয়। যার মধ্যে অন্যতম হচ্ছে স্টুডিও কক্ষ তৈরি, স্থানীয় ক্যাবল অপারেটরদের সাথে চুক্তি, অনুষ্ঠান নির্মাণ ও ক্যাবল লাইনের মাধ্যমে সম্প্রচার। ইতোমধ্যে সংস্থার স্টুডিওর কক্ষ থেকে প্রতিভার সন্ধানে নামে সংগীত ও নাচের অনুষ্ঠান দু'টি সরাসরি সম্প্রচার করা, বিভিন্ন বিষয়ে টক শো নির্মাণ এবং বিভিন্ন ইস্যুতে তথ্য সম্প্রচার অন্যতম। উক্ত অনুষ্ঠান সম্প্রচারের পর থেকে এলাকার জনগণের মধ্যে কমিউনিটি রেডিও কার্যক্রম সম্প্রচার বিষয়ে বেশ সাড়া পাওয়া যাচ্ছে। আর এরই ধারাবাহিকতার আজকের সফল পরিণতি হচ্ছে রেডিও সাগরগিরি এফএম ৯৯.২।

এ বিষয়ে স্থানীয় সাংবাদিক এবং রেডিও সাগরগিরির ফোকাল পারসন লিটন চৌধুরী বলেন, 'রেডিও সাগরগিরি এফএম ৯৯.২-এর মূল উদ্দেশ্য হলো সম্প্রচার এলাকায় দারিদ্র্য বিমোচনে তথা সার্বিক সমাজ উন্নয়নে জনগণের মাঝে সহজবোধ্য ও স্থানীয় ভাষার জনগোষ্ঠীর সক্রিয় অংশ নেয়ার মাধ্যমে কৃষি, স্বাস্থ্য, দুর্যোগ ব্যবস্থাপনা, জলবায়ু পরিবর্তন, অধিকার, সেবাসহ নানা আর্থ-সামাজিক এবং সংস্কৃতি সংশ্লিষ্ট ও সৃজনশীল বিনোদনমূলক অনুষ্ঠান সম্প্রচার করা।'

ইপসার প্রধান নির্বাহী আরিফুর রহমান জানান, 'এই রেডিও এ অঞ্চলের প্রান্তিক ও ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠী তথা প্রতিবন্ধী, ক্ষুদ্র ও নৃতাত্ত্বিক জনগোষ্ঠী এবং কিশোর-কিশোরীদের অনুষ্ঠান তৈরি ও সম্প্রচার করছে। সর্বোপরি স্থানীয় সরকার প্রতিষ্ঠান, শিক্ষা ও সামাজিক প্রতিষ্ঠান ও সরকারি-বেসরকারি সেবাগুলোর সমন্বয়ে ও সহযোগিতায় তথ্য অধিকার নিশ্চিতকরণে নিরন্তর কাজ করছে।'

সীতাকুণ্ডস্থ ইপসার মানবসম্পদ উন্নয়ন কেন্দ্রের চতুর্থ তলায় রেডিও স্টেশনটি স্থাপন করা হয়েছে। শ্রোতারা এই কেন্দ্র থেকে ১৭ কিলোমিটারে মধ্যে যেকোনো মোবাইল ফোনসেট অথবা রেডিওতে প্রতিদিন দুপুর ১২টা থেকে বিকেল ৫টা পর্যন্ত অনুষ্ঠান শুনতে পাচ্ছেন।

এ প্রসঙ্গে বিএনএনআরসির প্রধান নির্বাহী কর্মকর্তা এএইচএম বজলুর রহমান বলেন, 'গ্রামের মানুষের কাছে তথ্য পৌছাতে দেশের বিভিন্ন এলাকায় ১৪টি কমিউনিটি রেডিওর অনুমতি দিয়েছে সরকার। এসব বেতার কেন্দ্র দেশের উপকূলবর্তী অঞ্চল এবং অনগ্রসর জনপদ থেকে সম্প্রচার কার্যক্রম চালাবে। সংশ্লিষ্ট অঞ্চলের মানুষের জীবনমান উন্নয়ন ও বাস্তবভিত্তিক বিভিন্ন বিষয়ে সচেতনতা বাড়ানোই কমিউনিটি রেডিওর মূল লক্ষ্য।'

চট্টগ্রাম বিভাগের মধ্যে প্রথম সীতাকুণ্ড উপজেলায় একটি কমিউনিটি রেডিও চালু করার অনুমতি দিয়েছে সরকার। প্রাথমিকভাবে সীতাকুণ্ড উপজেলার ৭ টি, মীরসরাই উপজেলার ২টি ইউনিয়নের আংশিক এবং সীতাকুণ্ড পৌরসভার প্রায় সাড়ে চার লাখ শ্রোতা এ রেডিওর অনুষ্ঠান শুনতে পাবেন।

গত ২৪ অক্টোবর, ২০১১ সালে রেডিও সাগরগিরি এফএম ৯৯.২-এর পরীক্ষামূলক সম্প্রচার শুরু হয় যা আনুষ্ঠানিক রূপ পায় ২৪ মার্চ, ২০১২-তে। বাণিজ্য মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি আলহাজ এ বি এম আবুল কাশেম এমপি 'রেডিও সাগরগিরি

(বাকি অংশ ৫১ পৃষ্ঠায়)

## রেডিও সাগরগিরি

*(৪২ পৃষ্ঠার পর)*

এফএম ৯৯.২' আনুষ্ঠানিক উদ্বোধন করেন। উদ্বোধনী বক্তব্যে সংসদ সদস্য বলেন, 'কমিউনিটি রেডিও বর্তমান সরকারের ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ। এর মধ্য দিয়ে জনমানুষের নিজের ভাষায় নিজের মতো করে তথ্যপ্রাপ্তির অধিকার নিশ্চিত করা সম্ভব হবে।'

স্থানীয় উপজেলা চেয়ারম্যান আব্দুল্লাহ আল বাকের ভূঁইয়া বলেন, 'রেডিও সাগরগিরি জনগণ ও স্থানীয় জনপ্রতিনিধিদের মাঝে তথ্য দান ও প্রাপ্তির সেতুবন্ধ রচনা করছে। সহজে জনপ্রতিনিধিরা যেমন জনগণের কছে পৌঁছতে পারছেন তেমনি জনগণও তাদের বার্তা জনপ্রতিনিধিদের কাছে পৌঁছে দিতে পারছেন।'

বিশ্বের অনেক দেশেই কমিউনিটি রেডিও ব্যবহার করে সুশাসনে জনগণকে সম্পৃক্ত করার সাথে সাথে সমাজের প্রান্তিক জনগোষ্ঠীকে সিদ্ধান্ত গ্রহণের উপযুক্ত করার প্রয়াস লক্ষ করা গেছে। বাংলাদেশও সেই পথে হাঁটছে। ইপসা ও রেডিও সাগরগিরি এই অগ্রযাত্রায় শামিল হয়েছে। আগামীতে কমিউনিটি রেডিওকে সমাজের সুবিধাবঞ্চিতদের উপকারে এবং সবার জন্য তথ্য প্রবাহের গ্রহণযোগ্য মাধ্যম হিসেবে প্রতিষ্ঠা করাই হবে রেডিও সাগরগিরি ও ইপসার প্রত্যাশা ও লক্ষ্য।

http://sagorgiri.ypsa.org/?p=125#more-125

*ফিডব্যাক : vashkar79@hotmail.com*